

(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.২৩৬৪

তারিখ: ০৯ পৌষ ১৪৩১
২৪ ডিসেম্বর ২০২৪

বিষয়: হাইস্কুলগামী কিশোরীদের জমাকৃত সঞ্চয় ও প্রণোদনার অর্থ স্থানান্তর প্রসংগে।


সূত্র: ১. অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.২১৫৭ তারিখ: ২১/১০/২০২৪ খ্রি:

২. অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.২৩৪৩ তারিখ: ২২/১২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত স্মারক মূলে জারীকৃত পত্রে হাইস্কুলগামী কিশোরীদের নিজস্ব জমাকৃত সঞ্চয়, সঞ্চয় প্রণোদনা ও ব্যাংক সুদের অর্থ বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার শাখা, ঢাকায় KISHORI SANCHAY TOHOBIL, IRESPPW-2ND PHASE, BRDB, DHAKA শিরোনামে খোলা এসএনডি হিসাব নম্বর-41010320001029-তে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

২. উপজেলা থেকে প্রেরিত তথ্য এবং কিশোরীদের ব্যক্তিগত ব্যাংক হিসাব ও তথ্যের বিভিন্ন গরমিল পরিলক্ষিত হওয়ায় ৫৯টি উপজেলা থেকে প্রেরিত ১১৮০০ কিশোরীর তথ্য যাচাই বাছাই করে নিজ নিজ হিসাবে অর্থ প্রেরণ করতে সমস্যার সৃষ্টি হচ্ছে। বিষয়টি নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংকের সংগে আলোচনা করা হলে সংশ্লিষ্ট উপজেলা/জেলার কৃষি ব্যাংকে কিশোরীদের নামে খোলা ব্যক্তিগত ব্যাংক হিসাবে অর্থ জমা করার সুযোগ রয়েছে মর্মে অবগত করেছেন। উপজেলায় ০২টি স্কুলে ২০০ জন কিশোরীর তথ্য অধিকতর সতর্কতার সহিত যাচাই করে ব্যক্তিগত ব্যাংক হিসাবে প্রেরণ করা সহজ হবে এবং এতে করে ভুলত্রান্তি পরিহার সম্ভব হবে।

৩. এমতাবস্থায়, হাইস্কুলগামী কিশোরীদের জমাকৃত সঞ্চয় ও প্রণোদনার অর্থ প্রকল্প সদর দপ্তরে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে পৃথক পত্র জারী করা হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল জেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।